# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৭

২. কিতাবুল ওহী (كتاب الوحي)

---

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُسَيَّبِ بْنِ إِسْحَاقَ حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْحُسَيْنِ بْنِ إِشْكَابٍ حَدَّثَنَا أَبُو مُعَاوِيَةَ عَنِ الْأَعْمَشِ عَنْ مُسْلِمٍ عَنْ مَسْرُوقٍ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:
(إِنَّ اللَّهَ إِذَا تَكَلَّمَ بِالْوَحْيِ سَمِعَ أَهْلُ السَّمَاءِ لِلسَّمَاءِ صَلْصَلَةً كَجَرِّ السِّلْسِلَةِ عَلَى الصَّفَا فَيُصعقون فَلَا يَزَالُونَ كَذَلِكَ حَتَّى يَأْتِيَهُمْ جِبْرِيلُ فَإِذَا [ص: 168] جَاءَهُمْ فُزِّعَ عَنْ قُلُوبِهِمْ فَيَقُولُونَ: يَا جِبْرِيلُ مَاذَا قَالَ ربك؟ فيقول: الحق فينادون: الحق الحق)
□□ □□□ □

[تعليق الشيخ الألباني]
صحيح – ((الصحيحة)) ـ أيضاً ـ: خ معلقاً موقوفاً.
الحديث: 37 ¦ الجزء: 1 ¦ الصفحة: 167

বাংলা

ذِكْرُ وَصْفِ أَهْلِ السَّمَاوَاتِ عِنْدَ نُزُولِ الْوَحْيِ

ওহী নাযিলের সময় আসমানবাসীদের অবস্থার বর্ণনা:

---

৩৭. আব্দুল্লাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন মহান আল্লাহ ওহীর বাক্য বলেন, তখন আকাশের অধিবাসীগণ পাথরের উপর দিয়ে শিকল টানা শব্দের মতই আকাশ থেকে গর্জনের শব্দ শুনতে পান। আর আওয়াজ শুনে তারা বেহুশ হয়ে যায় এবং জিবরীল (আঃ) তাদের নিকট

উপস্থিত হলে তাদের অন্তর থেকে ভয় বিদূরীত হয়ে তারা হুশ ফিরে পায়। অতঃপর তারা বলে, হে জিবরীল! আপনার রব কি বলেছেন? তিনি বলেন, যা সত্য তাই বলেছেন। তখন তারা ঘোষণা দিয়ে বলে, সত্যই বলেছেন, সত্যই বলেছেন।[1]

## English

ʿAbdullāh

He said, “The Messenger of Allah ﷺ said:” "When Allah, the exalted, speaks to send revelation, the inhabitants of heaven hear the clanging of a bell from the heavens like a chain being dragged across a rock, and they swoon. They continue to remain like that until Jibril comes to them. When he comes to them, they recover and say: 'O Jibril, what did your Lord say?' He would say: 'The truth,' and they would say: 'The truth, the truth.'" (Using translation from Abū Dāʾūd 4738)

ফুটনোট

[1] আলবানী: সহীহ।
আরনাউত্ব: সহীহ।
তাখরীজ: আবূ দাউদ ৪৭৩৮; ইবনু খুজাইমাহ, আত তাওহীদ পৃ.১৪৫; বাইহাকী, আসমা ওয়াস সিফাত পৃ-২০১; খতীব, তারীখ ১১/৩৯২; বুখারী, তালিক (সনদবিহীন) হিসেবে মাওকুফরূপে বর্ননা করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86935

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন